গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
☎+88-02-9511066, 🖷 +8 8-02-9552323, www.most.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

কৃষি, স্বাস্থ্য ও পরিবেশ এর টেকসই উন্নয়নের জন্য বায়োইনফরমেটিক্স শীর্ষক কর্মশালা শুরু

ঢাকা, ১৮ অক্টোবর ২০১৭

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন সাভারস্থ ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি মিলনায়তনে আজ দুই দিনব্যাপী "কৃষি, স্বাস্থ্য ও পরিবেশ এর টেকসই উন্নয়নের জন্য বায়োইনফরমেটিক্স" শিরোনামে জাতীয় কর্মশালা শুরু হয়েছ। Bangladesh Bioinformatics and Computational Biology Association (BBCBA) ও Bioinformatics Research Group of Rajshahi University এর সহায়তায় ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এই কর্মশালাটি আয়োজন করেছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোঃ আনোয়ার হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান ড. দিলীপ কুমার সাহা এবং সভাপতিত্ব করেন ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি'র মহাপরিচালক ড. মো. সলিমুল্লাহ।

এ কর্মশালায় মূলপ্রবন্ধ উপস্থাপন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. নুরুল হক মোল্লা। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রায় ৮০জন শিক্ষক, গবেষক ও বিজ্ঞানীবৃন্দ এতে অংশগ্রহণ করেন। এ কর্মশালার মাধ্যমে বাংলাদেশে কৃষি, স্বাস্থ্য ও পরিবেশ গবেষণায় বায়োইনফরমেটিক্সের ব্যবহার এবং এর উন্নয়নের পাশাপাশি টেকসই আর্থ-সামাজিক উন্নয়নের দিকনির্দেশনা পাওয়া যাবে।

১৮/১০/১৭

(মোঃ কামরুল ইসলাম ভূইয়া)
তথ্য অফিসার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ফোনঃ ৯৫৪০৩৮৭ (অফি:)
মোবা: ০১৬৭২-৮৯ ৭৭ ৮৯
E-mail: buyankamrul@gmail.com